Adda247

GET IT ON Google Play

1001511 MWC/I-(B/H/U/N/S)/23

2023

# BENGALI LETTER WRITING, DRAFTING OF REPORT, PRÉCIS WRITING, COMPOSITION AND TRANSLATION

## PAPER-I

*Time Allowed — 3 Hours* *Full Marks — 200*

*If the questions attempted are in excess of the prescribed number, only the questions attempted first up to the prescribed number shall be valued and the remaining ones ignored.*

১। *যে কোনো একটি* বিষয় অবলম্বন করে সংবাদপত্রের সম্পাদকের উদ্দেশ্যে ১৫০ শব্দের মধ্যে একটি পত্র রচনা করুন ঃ ৪০

(ক) পরমাণু যুদ্ধের আশঙ্কায় সমস্ত পৃথিবী আজ আতঙ্কিত।

(খ) মহামারী প্রমাণ করে দিয়েছে যে পৃথিবী থেকে মানবতাবোধ এখনও মুছে যায়নি।

(গ) সমগ্র ভারতে বেকারত্বের ভয়াবহতা শিক্ষিত যুব সমাজের মধ্যে নিদারুণ হতাশা ও প্রথাগত শিক্ষার প্রতি অনীহা এনে দিয়েছে।

২। নিম্নলিখিত বিষয় অবলম্বনে ২০০ শব্দের মধ্যে একটি প্রতিবেদন রচনা করুন ঃ ৪০

'উগ্রপ্রাদেশিকতা ভারতের সামগ্রিক উন্নতির অন্যতম প্রধান অন্তরায়'।

৩। নিম্নলিখিত অংশটির সারসংক্ষেপ করুন ও একটি উপযুক্ত শীর্ষনাম দিন ঃ ৪০

অণুবীক্ষণ নামে এক রকম যন্ত্র আছে; তাহাতে ছোট জিনিষকে বড় করিয়া দেখায়; বড় জিনিষকে ছোট দেখাইবার নিমিত্ত উপায় পদার্থ বিদ্যাশাস্ত্রে নির্দিষ্ট থাকিলেও, ঐ উদ্দেশ্যে নির্মিত কোন যন্ত্র আমাদের মধ্যে সর্বদা ব্যবহৃত হয় না। কিন্তু বিদ্যাসাগরের জীবন চরিত বড় জিনিষকে ছোট দেখাইবার জন্য নির্ম্মিত যন্ত্রস্বরূপ। আমাদের দেশের মধ্যে যাহারা খুব বড় বলিয়া আমাদের নিকট পরিচিত, ঐ গ্রন্থ একখানি সম্মুখে ধরিবা মাত্র তাঁহারা সহসা অতি ক্ষুদ্র হইয়া পড়েন; এবং এই যে বাঙ্গালীত্ব লইয়া আমরা আহোরাত্র আন্দোলন করিয়া থাকি, তাহাও অতি ক্ষুদ্র ও শীর্ণ কলেবর ধারণ করে। দুই চতুষ্পার্শ্বস্থ ক্ষুদ্রতার মধ্যস্থলে বিদ্যাসাগরের মূর্ত্তি ধবল-পর্ব্বতের ন্যায় শীর্ষ তুলিয়া দণ্ডায়মান থাকে; কাহারো সাধ্য নাই যে সেই উচ্চ চূড়া অতিক্রম করে বা স্পর্শ করে।

৪। গদ্যাংশটি অবলম্বন করে উল্লিখিত প্রশ্নগুলির উত্তর দিন ঃ ১০×৪=৪০

শহরের ধনী মহাজনের কারখানার মজুরি করিতে গেলে শ্রমীদিগের মনুষ্যত্ব কিরূপ নষ্ট হয় সকলেই জানেন। বিশেষত আমাদের যে দেশের সমাজ গৃহের উপর প্রতিষ্ঠিত সেখানে গৃহনীতি বিচলিত হইলে ধর্মের প্রধান অবলম্বন জীর্ণ হইয়া পড়ে ও সমাজের মর্মস্থানে বিষ সঞ্চার হইতে থাকে সে দেশে বড়ো বড়ো কারখানা যদি শহরের মধ্যে আবর্ত রচনা করিয়া চারিদিকের গ্রামপল্লী হইতে দরিদ্র গৃহস্থ দিগকে আকর্ষণ করিয়া আনে তবে স্বাভাবিক অবস্থা হইতে বিচ্যুত, বাসস্থান হইতে বিশ্লিষ্ট স্ত্রী-পুরুষগণ নিরানন্দকর কলের কাজে ক্রমশই কিরূপ দুর্গতির মধ্যে নিমজ্জিত হইতে পারে তাহা অনুমান করা কঠিন নহে। কলের দ্বারা কেবল জিনিসপত্রের উপচয় করিতে গিয়া মানুষের অপচয় করিয়া বসিলে সমাজের অধিক দিন তাহা সহিবে না। অতএব পল্লিবাসীরাই একত্রে মিলিলে যে-সকল যন্ত্রের ব্যবহার সম্ভবপর হয় তাহারই সাহায্যে স্বস্থানেই কর্মের উন্নতি করিতে পারিলে সকল দিক রক্ষা হইতে পারে। শুধু তাই নয়, দেশের জনসাধারণকে ঐক্যনীতিতে দীক্ষিত করিবার এই একটি উপায়। প্রাদেশিক সভা উপদেশ ও দৃষ্টান্ত দ্বারা একটি মণ্ডলীকেও যদি এইরূপে গড়িয়া তুলিতে পারেন তবে এই দৃষ্টান্তের সফলতা দেখিতে দেখিতে চারিদিকে ব্যাপ্ত হইয়া পড়িবে।

Adda247

Test Prime

ALL EXAMS, ONE SUBSCRIPTION

1,00,000+ Mock Tests

Personalised Report Card

Unlimited Re-Attempt

600+ Exam Covered

25,000+ Previous Year Papers

500% Refund

ATTEMPT FREE MOCK NOW

Adda247
GET IT ON Google Play



এমনি করিয়া ভারতবর্ষের প্রদেশগুলি আত্মনির্ভরশীল ও ব্যূহবদ্ধ হইয়া উঠিলে ভারতবর্ষের দেশগুলির মধ্যে তাহার কেন্দ্রের প্রতিষ্ঠা সার্থক হইয়া উঠিবে এবং সেই দৈশিক কেন্দ্রগুলি একটি মহাদেশিক কেন্দ্রচূড়ায় পরিণত হইবে। তখন সেই কেন্দ্রটি ভারতবর্ষের সত্যকার কেন্দ্র হইবে। নতুবা পরিধি যাহার প্রস্তুতই হয় নাই সেই কেন্দ্রের প্রামাণিকতা কোথায়। যাহার মধ্যে দেশের কর্মের কোন উদ্যোগ নাই, কেবলমাত্র দুর্বল জাতির দাবি এবং দায়িত্বহীন পরামর্শ, সে সভা দেশের রাজকর্মসভার সহযোগী হইবার আশা করিবে কোন সত্যের এবং কোন শক্তির বলে।

(ক) শহরের বুকে কলকারখানা স্থাপনের ফলে মানুষের জীবনে কী সমস্যা দেখা দিয়েছে?

(খ) দেশের জনসাধারণকে একই ঐক্যনীতিতে দীক্ষিত করার অন্যতম উপায় কী?

(গ) লেখকের মতে ভারতবর্ষের প্রদেশগুলি কীভাবে আত্মনির্ভরশীল হতে পারে?

(ঘ) ব্রিটিশ শাসন আমাদের গ্রাম্য সমাজের সহজ ব্যবস্থাকে কীভাবে নষ্ট করে দিয়েছে?

৫। নিম্নলিখিত যে কোনো একটি বিষয়ের বাংলা অনুবাদ করুন : ৪০

(ক) I love children. On coming to Rastrapati Bhavan, I have met them sometimes through video conference and sometimes directly. After talking with them, I have formed an idea about their opinion and view points on different matters. We always bother about big issues, but quite often forget to pay attention to the smaller ones. On many occasions, their comments on these minor problems are such as to show how strong their power of comprehension. The problem lies with setting up of our precedence. Sitting in Delhi, it is felt perhaps nothing could be more serious an issue than this. But this big country has many states having different kinds of problems. When I talk to a farmer at a remote village and find how he tries to bring up his child with proper education, I feel amazed at the diversity of this vast country.

(খ) So long we have tried to learn only one language in the main, English, besides the mother tongue. This has three-fold objects — earning our bread, intercourse with foreigners and acquisition of knowledge in various subjects. When Hindi will become the official language of the country, it will not be possible for us to earn our living with knowledge of English only. Hindi will be indispensable in government service and in profession like law. Conversation with the people of the other provinces of India also shall have to be carried on mainly in Hindi. But English must have to be learnt by those who would go in for higher education or like to keep in touch with all the countries of the world. No doubt, in future also many will be able to earn their living without learning Hindi; just as many do it now by agriculture, industry, trade and physical labour without learning English.